

২০০৯ ডাইভারসিটি ভিসা (ডিভি) লটারি কর্মসূচির জন্য নিবন্ধন

ঢাকা, ২৭শে সেপ্টেম্বর -- ২০০৯ সালের ডাইভারসিটি ভিসা (ডিভি) লটারির জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে 'ইস্টার্ন ডেলাইট' সময় বুধবার, ৩রা অক্টোবর, ২০০৭ দুপুর বারোটা (বাংলাদেশ সময় রাত দশটা) থেকে 'ইস্টার্ন স্ট্যান্ডার্ড' সময় রোববার, ২রা ডিসেম্বর, ২০০৭ দুপুর বারোটা (বাংলাদেশ সময় রাত এগারোটা) পর্যন্ত। নিবন্ধনকালে আবেদনকারীরা www.dvlottery.state.gov এই ওয়েব সাইট থেকে 'ইলেক্ট্রনিক ডাইভারসিটি ভিসা এন্ট্রি ফর্ম' পেতে পারেন। কাগজে কোনো প্রকার আবেদন গ্রহণ করা হবে না। ডিভি আবেদন করার জন্য নিবন্ধন সময়ের শেষ সপ্তাহ পর্যন্ত অপেক্ষা না করে আবেদনকারীদেরকে জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে আগেভাগেই আবেদন করার জন্য, কারণ অত্যধিক চাহিদার কারণে শেষের দিকে ওয়েব সাইটে প্রবেশ করা কষ্টসাধ্য হতে পারে। ২রা ডিসেম্বর, ২০০৭ দুপুর বারোটার (বাংলাদেশ সময় রাত এগারোটা) পর আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর প্রতি বছর কংগ্রেস কর্তৃক অনুমোদিত ডাইভারসিটি ইমিগ্র্যান্ট ভিসা কর্মসূচি পরিচালনা করে থাকে। এটি যুক্তরাষ্ট্রের 'অভিবাসন ও জাতীয়তা আইনের' (আইএনএ) অনুচ্ছেদ ২০৩ (গ)-এর শর্তাবলি দ্বারা পরিচালিত হয়ে থাকে। যুক্তরাষ্ট্রে কম অভিবাসী আছে এমন দেশের নাগরিকদের 'আইএনএ'-এর অনুচ্ছেদ ২০৩ (গ) অনুযায়ী প্রতি বছর ৫৫ হাজার ডাইভারসিটি ভিসা প্রদান করা হয়।

বার্ষিক ডিভি কর্মসূচি অনুযায়ী ডাইভারসিটি ইমিগ্র্যান্ট ভিসা পাবার যোগ্যতা অর্জন করার জন্য সহজ, কিন্তু কঠোর কিছু শর্তাবলি পূরণ করতে হয়। কম্পিউটার দ্বারা দৈবচয়ন পদ্ধতিতে লটারির মাধ্যমে ডিভির জন্য প্রার্থী বাছাই করা হয়। ছয়টি ভৌগোলিক অঞ্চলের মধ্যে ভিসাগুলো বণ্টন করে দেয়া হয়। এর মধ্যে যুক্তরাষ্ট্রে যে সব অঞ্চল থেকে কম অভিবাসী আছে এমন দেশগুলোকেই বেশি ভিসা দেওয়া হয়। গত পাঁচ বছরে যেসব দেশ থেকে ৫০ হাজারের বেশি অভিবাসী যুক্তরাষ্ট্রে এসেছে সেসব দেশের নাগরিকদেরকে কোনো ডাইভারসিটি ভিসা দেওয়া হচ্ছে না। প্রতিটি অঞ্চলে কোনো একটি দেশ এক বছরে লভ্য ডিভির সাত শতাংশের বেশি পাবে না।

বাংলায় ডাইভারসিটি ভিসা সংক্রান্ত নির্দেশাবলি যুক্তরাষ্ট্র দূতাবাসের ওয়েবসাইটে dhaka.usembassy.gov এই ঠিকানায় পাওয়া যাবে।

=====

জিআর/ ২০০৭

দ্রষ্টব্য: এই নিবন্ধের ইংরেজি ভাষ্য 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮-৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮-৫৬৮৮; ই-মেইল: DhakaPA@state.gov এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।